

২২.১৩.২০২০ (৬.২২)
Refund
২২.০৭.২০



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৪৬.৪২.০০৫.১৮-৪৯

তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের ৫১ নংগাঁ-৬ ও ১৭৮ ঢাকা-৫ নির্বাচনি এলাকার শূন্য আসনে উপ-নির্বাচন উপলক্ষে রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ/বাতিলাদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষ কর্তৃক নির্বাচন কমিশনে দাখিলকৃত আপিলের শুনানি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 14(5) অনুযায়ী রিটার্নিং অফিসারের আদেশের বিরুদ্ধে নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৫ বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল/গ্রহণাদেশের বিরুদ্ধে কোন প্রার্থী বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে নির্বাচন কমিশন বরাবর নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক আপিল আবেদন দাখিল করার বিধান রয়েছে। তদপ্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের ৫১ নংগাঁ-৬ ও ১৭৮ ঢাকা-৫ নির্বাচনি এলাকার শূন্য আসনে উপ-নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র বাতিলাদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে একজন প্রার্থী ইতোমধ্যে নির্বাচন কমিশন বরাবর আপিল দায়ের করেছেন। দায়েরকৃত উক্ত আপিল আবেদনসহ দাখিলযোগ্য অপরাপর আপিল আবেদনগুলির শুনানি আগামী ২৬ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ শনিবার বেলা ০৩.০০ ঘটিকার সময় নির্বাচন ভবনের, ৪র্থ তলায় মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সভা কক্ষ-২ (রুম নং-৩১৪) এ অনুষ্ঠিত হবে।

২। বিষয়টি আপনাদের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

(স্বাক্ষর) ২০২০
(বিপ্লব দেব নাথ)

সিনিয়র সহকারী সচিব (আইন-২)

ফোনঃ ০২৫৫০০৭৫৪২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;

২। সিস্টেম ম্যানেজার (ওয়েব সাইটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)

৩। উপ-সচিব (আইন)/(সাধারণ সেবা)/(নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;

৪। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);

৫। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য);

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

৭। সহকারী সচিব (সাধারণ সেবা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সম্মেলন কক্ষে আসন বিন্যাস ও ২০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য);

৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

৯। অফিস কপি, আইন-২ শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫